

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ অধিশাখা

নং-৩৩.০০.০০০০.১২৭.১২.০০৪.১৪(অংশ-১)-১৬

তারিখঃ ০৩ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মৎস্য সম্পদ ধ্বংসকারী অবৈধ জাল নির্মূলকরণ সংক্রান্ত “সম্মিলিত বিশেষ অভিযান-২০১৯” বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আগামী ২১/০১/২০১৯ হতে ০৪/০২/২০১৯ তারিখ পর্যন্ত ১৫ (পনের) দিন ব্যাপী চলতি বছরে ১১টি জেলায় যথা-ভোলা, পটুয়াখালী, নোয়াখালী, বরগুনা, কক্সবাজার, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, বরিশাল, চট্টগ্রাম ও মুন্সীগঞ্জ মৎস্য সম্পদ ধ্বংসকারী অবৈধ জাল নির্মূলকরণ সংক্রান্ত “সম্মিলিত বিশেষ অভিযান-২০১৯” পরিচালনা করা হবে। উক্ত অভিযান পরিচালনার জন্য অন্যান্য বছরের ন্যায় এবারও বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ কোস্ট গার্ড, নৌ-পুলিশ এবং র্যাবের সহযোগিতা প্রয়োজন।

০২। উক্ত অভিযান সফল বাস্তবায়নের জন্য উল্লিখিত বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(শোয়াইব আহমাদ খান)

উপসচিব

ফোন-৯৫৪০০৮১

ই-মেইলঃ fisheries-2@mofl.gov.bd

সচিব

জননিরাপত্তা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়,

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৩.০০.০০০০.১২৭.১২.০০৪.১৪(অংশ-১)-১৬(৯)

তারিখঃ ০৩ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, সদর দপ্তর, ঢাকা।
- ০২। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, র্যাব, র্যাব সদর দপ্তর, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ০৫। উপ-মহাপুলিশ পরিদর্শক, নৌ-পুলিশ, প্লট নং-৩৩৪/১০, আহমেদ নগর (পাইকপাড়া), মিরপুর-১, ঢাকা।
- ০৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। যুগ্ম-সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (যুগ্ম-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। অফিস কপি/মাস্টার কপি।

(শোয়াইব আহমাদ খান)

উপসচিব